The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 886 | 05 September 2025 | শুক্রবার ২১ ভাদ্র ১৪৩২


Former Mayor Bill de Blasio endorses Mamdani for NYC mayor
→ Page 19


There's no stopping Sadia Ayman
→ Page 19


Ranking the Democratic contenders for president in 2028
→ Page 18


Prof Yunus meets Nur's wife, instructs overseas treatment
→ Page 19

# ৪২ বাংলাদেশিকে ডিপোর্ট

হাসান মাহমুদ



যুক্তরাষ্ট্রে অবৈধভাবে বসবাসরত বাংলাদেশিদের গ্রেপ্তারের পর তাদের মধ্য থেকে ৪২ জনকে একটি চার্টার্ড ফ্লাইটে ডিপোর্ট করা হয়েছে। ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসের উর্ধ্বতন একজন কর্মকর্তা গত ৩ সেপ্টেম্বর, বুধবার সকালে এই প্রতিবেদককে জানান, অবৈধ বাংলাদেশিদের বহনকারী বিমানটি এখন ঢাকার পথে রয়েছে। আজ শুক্রবার এটি হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করার কথা। এই ফ্লাইটে ৪০ জন পুরুষ এবং ২ জন নারীসহ মোট ৪২ জন বিভিন্ন সময়ে যুক্তরাষ্ট্রে এসে অবৈধ হয়ে যাওয়া বাংলাদেশিরা রয়েছেন। তাদের বয়স ২৫ থেকে ৪০ বছর বয়সের মধ্যে। ডিপোর্ট হওয়া অধিকাংশই যুবক বয়সের ছেলেরা রয়েছেন বলে সংশ্লিষ্ট সূত্রটি নিশ্চিত করেছে। যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশনের বিভিন্ন বিধিবিধান লঙ্ঘনের অভিযোগে তাদেরকে সাম্প্রতিক অভিযানের সময় গ্রেপ্তার করা হয়েছিল। নিউইয়র্ক, নিউজার্সি, কানেক্টিকাট এবং টেক্সাস থেকে গ্রেপ্তারের পর তাদেরকে নিরাপত্তা শেল্টারে রাখা হয়েছিল বলে জানা যায়। গত ২ আগস্ট, ২০২৫ একটি সামরিক বিমানে করে ৩৯জন বাংলাদেশিকে ডিপোর্ট করা হয়েছিল। তাদের মধ্যে একজন নারীও ছিলেন। একসঙ্গে সামরিক বিমানে প্রথমবার এটিই ছিল যুক্তরাষ্ট্র থেকে অবৈধ বাংলাদেশিদের ডিপোর্ট করার বড় ঘটনা। চার্টার্ড ফ্লাইটে ৪২ জন বাংলাদেশিকে এবার ডিপোর্ট করার ব্যাপারে ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল মাহবুব এক প্রশ্নের উত্তরে এই প্রতিবেদককে এরপর ৩৯ পৃষ্ঠায়



## নিউইয়র্কবাসী ৪০০ ডলারের চেক পাবেন সেপ্টেম্বরেই

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক স্টেটে মুদ্রাস্ফীতি রিফান্ড চেক সেপ্টেম্বর মাসের শেষে যোগ্য বাসিন্দাদের কাছে পাঠাতে শুরু করবেন সংশ্লিষ্টরা। ট্যাক্স ও অর্থ বিভাগ বলেছে যে সেপ্টেম্বরের শেষের দিকে চেকগুলির মেল আসতে শুরু করবে। কর্মকর্তারা এর আগে বলেছিলেন যে, এককালীন অর্থপ্রদান এরপর ৩৬ পৃষ্ঠায়

## বাংলাদেশে ভোটের আগে অস্থিরতা

মাসুদ করিম, *ঢাকা থেকে*

বাংলাদেশে জাতীয় সংসদ নির্বাচনের আগে ব্যাপক অস্থিরতা দেখা দিয়েছে। ছাত্র সংসদ নির্বাচনসহ নানা ইস্যুতে দেশের অনেক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উত্তেজনা, সংঘর্ষ এমন কি সহিংসতার মতো ঘটনা ঘটছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতির মারাত্মক খারাপ অবস্থা বিরাজ করছে। রাজনৈতিক অস্থিরতার সুযোগে চুরি, এরপর ৩৯ পৃষ্ঠায়

## বাইডেন মাথায় আঘাত পেয়েছেন

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জো বাইডেন শ্রম দিবসের ছুটিতে ডেলাওয়ারে সাধারণ মানুষকে শুভেচ্ছা জানাতে গিয়ে মাথায় আঘাত পেয়েছেন। তাতে তাঁর ঘনিষ্ঠজনরা উদ্বেগ প্রকাশ এরপর ২৫ পৃষ্ঠায়

## ১ অক্টোবর ভোটার আইডি'র আবেদন শুরু

মনোয়ারুল ইসলাম

১ অক্টোবর থেকে যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশিরা ভোটার হবার জন্য আবেদন করতে পারবেন। কার্যত 'জাতীয় পরিচয় পত্র' এর জন্যই আবেদন করবেন প্রবাসীরা। এই পরিচয়পত্রই ভোটার আইডি হিসেবে বিবেচিত হবে। বাংলাদেশে আগামী ফেব্রুয়ারিতে যে নির্বাচন হতে যাচ্ছে তাতে বিদেশে বসেই প্রবাসীরা ভোট দিতে পারবেন। নিউইয়র্ক, ওয়াশিংটন, লসএঞ্জেলস ও ফ্লোরিডায় এই পরিচয় পত্র প্রদানের লক্ষ্যে আবেদন গ্রহন শুরু হবে। বৃহস্পতিবার ৪ সেপ্টেম্বর নিউইয়র্কস্থ বাংলাদেশের কনসাল জেনারেল মোজাম্মেল হোসেন সাপ্তাহিক আজকালকে এ কথা বলেন। যারা দেশ থেকে ইতোমধ্যেই ন্যাশনাল আইডি/জাতীয় পরিচয় পত্র সংগ্রহ করেছেন তাদের আবেদন করার দরকার নেই।

বিদেশে বসে নির্বাচনে এই প্রথম ভোট দিতে যাচ্ছেন প্রবাসী বাংলাদেশীরা। তাদের জন্য ব্যালট পেপার পাঠানো হবে নভেম্বরে। অর্থাৎ এরপর ৪২ পৃষ্ঠায়



## তারেক বাবরসহ সব আসামি খালাস

আজকাল রিপোর্ট

বাংলাদেশে ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলায় যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও মৃত্যুদণ্ডপ্রাপ্ত সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান এরপর ৪০ পৃষ্ঠায়






























NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

# NEW YORK SENIOR ADULT DAY CARE

## নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার

WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem.
Hamaspik Managed Care
MetroPlusHealth
SWH Senior Whole Health





FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT



MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER



SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP

SNG SHAH NAWAZ GROUP

সর্বোচ্চ সেবার নিশ্চয়তা

CALL US NOW:
718-516-3425

Design by: ihopeprint.com, 929-538-7903

CONTACT US:

Off: 718-516-3425 | newyorksadc.com | 116-33 Queens Blvd | 78-06 101 Ave, Suite C
FAX: 646-568-6474 | intake@ny-sadc.com | Forest Hills, NY 11375 | Ozone Park, NY 11416

# NY INSURANCE BROKERAGE INC

NY I
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# রবীন্দ্রনাথের ধর্মবোধ ও সার্বজনীনতা

এবিএম সালেহ উদ্দীন



ছোটবেলা থেকেই বিশ্বাসের আলো পেয়েছি বাবা মা এবং গুরুজনের কাছ থেকে। বড় হয়ে বিশ্বাসের আলোতেই বড়মানুষের ভুবন দেখা ও জানবার চেষ্টা করেছি। সুখে,দুঃখে,আনন্দ ও বেদনায় কতবার জীবন দোলায়িত হয়েছে। জীবন নদীর বাঁকে বাঁকে ছন্দপতনের অভিঘাতায় মাঝে মাঝে হোঁচট খাই। মাঝে মাঝে খেই হারিয়ে যায়। আবার সম্বিত ফিরে আসে । বিশ্বাসের দীপ্তিই মূলত আমাদের জীবনের মূলধন। প্রত্যেকেই তাদের সেইসব মূলধনে ধরে রাখতে চান। আমিও তার বিপরীত নই। জীবনের নানারকম চড়াই-উৎড়াইয়ের মধ্যেও বিশ্বাসের পথকে আকড়ে থাকার চেষ্টা করি। এই প্রেরণা আমার মা এবং বাবার নিকট থেকে পাওয়া। এখন আর কোন অসুবিধে হয় না। বরং বিশ্বাসের দীপ্তির কথা ভেবে,-হৃদয়ে আনন্দ জাগে এবং তৃপ্তির ছোঁয়া অনুভূত হয়। নির্মেঘ নীল আকাশের নীচে স্রষ্টার লীলাভূমির সৌন্দর্য্য হৃদয় ছুঁয়ে যায়। স্রষ্টার প্রতি অনন্ত বিশ্বাসের দৃঢ়তা মানুষকে সৌন্দর্যমন্ডিত করে তোলে।

পৃথিবী ও প্রকৃতির কত সহস্র রকমের স্নিগ্ধতা, শ্যামলীময় সবুজের বর্ণনা যেমন স্রষ্টা দিয়েছেন। তেমনি দিগন্ত জুড়ে প্রকৃতি ও মানুষের জন্য দান করেছেন,-মুগ্ধতা আর মুগ্ধতা। সৃষ্টির অনুপম সৌন্দর্য বর্ণনায় পৃথিবীর কবি-সাহিত্যিকদের কাব্য ও সুরের ঐশ্বর্য্য চিরন্তনভাবে গেঁথে রয়েছে,-সেই মহান স্রষ্টার অপরূপ সৃষ্টিতে।

সৃষ্টিকুলের মিলিত বন্ধনে ছড়িয়ে আছে সৃষ্টিকর্তার অপার মহিমা। বন-বনানী ছায়াঘেরা চিরসবুজে আকীর্ণ সমুদ্রের উত্তাল ঢেউয়ের সাথে কিংবা শান্তনদীর বাঁকে বাঁকে সাজানো আমাদের গ্রাম,জন্মভূমি। নয়নজুড়ানো মাতৃদেশ,-আমার প্রিয় মাতৃভূমি। পৃথিবী ও প্রকৃতির পরতে পরতে মহামহীমের প্রবলতর মহিমার শেষ নেই। যদিও স্রষ্টার সৌন্দর্যের বিশালতা থেকে কিছুটা মানুষের জন্য বরাদ্দ। আমরাও সেই বরাদ্দের কিছুটা অংশীদার। আমাদের সকল প্রত্যাশা,চাওয়া-পাওয়ার জন্য তাঁর কাছেই প্রার্থনা করি। রাশি রাশি নক্ষত্রের পূর্ণায়ত আকাশের দিকে যখন তাকাই। পূণ্যবান হই, -তাঁরই সত্তার ঝলকে। তাই তো বিপুল আত্মতিকে নিজেই গুনগুনিয়ে ব্যক্ত করি-

'যদি চাহো, হতে পারো প্রেমময়
তবে,স্বকীয় শতরূপে হয়ে ওঠো পূণ্যবান
পরিপূর্ণ পূণ্যতায়'....।

আর রবীন্দ্রনাথ সেই মহামহীমের সৃষ্টিকুলের দিকে তাকিয়ে কী ভাবেন, -যখন বিনিদ্র তপস্যায় জীবন সাহিত্যের মননশীলতায় মানুষের অন্তর্নিহিত মনস্তত্ত্বের চিরন্তনী রূপকে নানান ভঙ্গিমায়,নানান আঙ্গিকে,বৈচিত্রের বৈভবের মহিমায় ফুটিয়ে তোলেন। সাহিত্যে তিনি তাঁর শিল্প সাহিত্যের সমুদ্রসম দিক নির্দেশনার মাধ্যমে মানুষের মঙ্গল ও কল্যাণের কথা ব্যক্ত করেন। মানুষের জীবনের অনন্ত মায়াকে আনন্দ, বেদনা ও বিরহ-বিদ্রুপের তুলিতে সুন্দরতম অবয়বে অংকন করেছেন।

পৃথিবী, প্রকৃতির মাটি ও মানুষের ভুবনে তিনি থাকতে চেয়েছেন চিরকাল। রবীন্দ্রনাথ তাঁরই ভাষায় বলেছেন-

"আমারে ফিরায়ে লহ অয়ি বসুন্ধরে, কোলের সন্তানে তব কোলের ভিতরে,বিপুল অঞ্চল-তলে। ওগো মা মৃন্ময়ী ,তোমার মৃত্তিকা-মাঝে ব্যাপ্ত হয়ে রই:.."

শৈশবের পাহ্নপথ পেরিয়ে বড় হয়ে দেখলাম,-রবীন্দ্রনাথ তাঁর সৃষ্টি-সৃজনের অপার আনন্দে প্রকৃতির চিন্ময়ত সৌন্দর্যের বয়ান দিয়ে যাচ্ছেন।

" ঐ তো আকাশে দেখি স্তরে স্তরে পাপড়ি মেলিয়া
জ্যোতির্ময় বিরাট গোলাপ।"

মানবসভ্যতার ঊষালগ্ন থেকে মহামানবদের আগমনের ধারাবাহিকতায় মানুষের পৃথিবী ধন্য হয়েছে। জ্ঞান-বিজ্ঞানের বদৌলতে এ বিশ্ব স্রষ্টা ও তাঁর সৃষ্টিকুল সম্পর্কে অবগত হতে পারছে। স্রষ্টা বনিসৃতপ্রেম, আর প্রেমের চুম্বক আকর্ষণেই মানুষ অনন্তকাল বেঁচে থাকে মানুষেরই অন্তরে । মহামানব গালীবের সুরে বলতে হয়।

তিনি যেমন বলেন: -"দুনিয়ার এই ভয়ানক উজাড় মজলিসে প্রদীপের মতো আমি প্রেমের শিখাকেই আমার সর্বস্ব জ্ঞান করলাম"।

তবু মহামহীম স্রষ্টার অপার সৌন্দর্যের আনন্দে উদ্বেলিত হয়ে তিনি তাঁরই মহিমা গেয়ে যান-

"হে বিশ্বভুবনরাজ, এ বিশ্বভুবনে
আপনারে সবচেয়ে রেখেছ গোপনে
আপন মহিমা-মাঝে। তোমার সৃষ্টির
ক্ষুদ্র বালুকাকণাটুকু, ক্ষণিক শিশির,-"


কী অনড় প্রত্যয়বোধ ও রুচি-বৈদগ্ধ্যের নিষিক্ত মায়ারকথনে মহান স্রষ্টিকর্তার মহিমা প্রকাশ।

খ্যাতিমান সাহিত্য গবেষক ও সাহিত্যের নির্মল চরিত্রের প্রাণপুরুষ আবু সয়ীদ আইউবের মতে: "যে বিশ্বাসটি সব ধর্মমতে বাস্তবিকই পাওয়া যায় তা,-আত্মার অমরতায় বিশ্বাস।

সব ধর্মের মূল কথা হচ্ছে যে জগৎ শুধু নিয়মের রাজত্ব নয়, জগৎ ন্যায়নীতির রাজত্বও বটে ।"

"যদি এ আমার হৃদয়দুয়ার

এরপর ২৮ পৃষ্ঠায়



অনেকটা ইসলামের সার্বজনীনতার সঙ্গেও তার চিন্তার মিল খুঁজে পাওয়া যায়। ইসলাম সব ধর্মের মানুষকে সম্মান জানিয়ে তাকে সঙ্গে নিয়েই সহাবস্থানের দীক্ষা দান করে। যদিও কালক্রমে মুসলিমদের একটি বিশাল অংশ সেই দৃষ্টিভঙ্গির সঙ্গে একমত থাকতে পারেননি। বর্তমান বিশ্বে তাঁরা নানান ভাগে বিভক্ত হয়ে আছেন। রবীন্দ্রনাথের দৃষ্টিভঙ্গি ছিল সার্বজনীন। যদিও সেই বিষয়েও অনেকে একমত নন। ধর্মে অবিশ্বাসী নাস্তিকদের কিছু লোক, রবীন্দ্রনাথকে ধর্মবিশ্বাসের মানুষ হিসেবে মানতে নারাজ । কিন্তু এটা সত্যি যে, রবীন্দ্রনাথ মনে করতেন-একক একটি ধর্ম, একটি জাতিকে আলোকিত করে। কিন্তু যে ধর্ম সমস্ত মানব জাতিকে আলোকিত করে,তিনি তার সন্ধান করেছেন




# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং, অডিট, ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং, অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল, আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)
**Call:917-282-9256**
E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# আয়নায় বিএনপির মুখ

খায়রুল অনোয়ার

> তবে সম্প্রতি দলের একাধিক নেতা গণমাধ্যমে জানিয়েছেন, নির্বাচনের তপশিল ঘোষণার পরেই তারেক রহমান দেশে ফিরবেন। প্রার্থী বাছাই, সমমনা দল ও জোটের সঙ্গে আসন ভাগাভাগি করে ১৮ বছর পর নির্বাচনে জয়ী হওয়াই হবে বিএনপির জন্য দুরূহ চ্যালেঞ্জ মোকাবিলা করা। প্রার্থী ঘোষণার পর নির্বাচনী এলাকায় রাজনৈতিক প্রতিপক্ষ নয়, বিএনপি হতে পারে বিএনপির শত্রু। দেশের রাজনীতিতে সম্ভাব্য যে সমীকরণ হচ্ছে, তা সফলতার সঙ্গে মোকাবিলায় কতটা কৌশলী হয়ে বিএনপি পরিস্থিতি নিজের অনুকূলে টানতে পারবে, তা দেখার বিষয়। আগামী দিনের রাজনীতির জন্য চিন্তা পরিকল্পনায় আরও গতিশীল হতে দলের নেতৃত্ব কী পদক্ষেপ নেয়, তাও রাজনৈতিক পর্যবেক্ষক মহল ও দেশের মানুষ গভীরভাবে নজর রাখবে



নানা চড়াই-উতরাই ও বৈরী পরিস্থিতি পেরিয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ৪৭ বছর অতিক্রম করল। বিভিন্ন সময় সংকটের মুখোমুখি হয়েছে দলটি, পড়েছে বিপর্যয়ের মধ্যে। বিশেষ করে গত ১৫ বছর ছিল দলটির জন্য এক দুঃসহ অধ্যায়। আগামী নির্বাচন সামনে রেখে বিএনপিকে এখনো কঠিন চ্যালেঞ্জের মধ্য দিয়ে যেতে হচ্ছে। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিএনপির গঠনকালীন সময়ের কিছু বিষয় ফিরে দেখা যেতে পারে। ১৯৭৭ সালের ৩০ এপ্রিল জিয়াউর রহমান সামরিক শাসন থেকে উত্তরণের লক্ষ্যে ১৯ দফা কর্মসূচি ঘোষণা করেন। জিয়ার ১৯ দফা ছিল তার রাজনৈতিক ও আর্থসামাজিক উন্নয়ন কর্মসূচি। জিয়া রাষ্ট্রপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত নিলে তার নেতৃত্বে জাতীয়তাবাদী গণতান্ত্রিক দল (জাগদল) প্রতিষ্ঠিত হয়। জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে জিয়া বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) গঠন করেন। জাগদলকে বিএনপির সঙ্গে একীভূত করা হয়। ১৯৭৮ সালের ১ সেপ্টেম্বর বিকেলে রমনা রেস্তোরাঁয় এক জনাকীর্ণ সংবাদ সম্মেলনে জিয়াউর রহমান ঘোষণাপত্র পাঠের মধ্য দিয়ে বিএনপি প্রতিষ্ঠার ঘোষণা দেন। জিয়া বিএনপির প্রথম সমন্বয়ক ছিলেন এবং পরে এই দলের চেয়ারম্যান হন। আর প্রথম মহাসচিব ছিলেন অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরী।

বিএনপিতে ডান, বাম ও মধ্যপন্থি রাজনৈতিক নেতাদের সমাগম ঘটে। জিয়াউর রহমান বামপন্থি থেকে শুরু করে ইসলামপন্থিদের তার দলে সমবেত করেন। তবে বিএনপি পরবর্তীকালে মধ্যপন্থি দল হিসেবে পরিচিতি পায়। দলটির মূল আদর্শ হিসেবে বাংলাদেশি জাতীয়তাবাদের ঘোষণা দেওয়া হয়। এর আগে আওয়ামী শাসনামলে বিদ্যমান বাঙালি জাতীয়তাবাদ নিয়ে অনেক বিতর্ক ছিল। বাঙালি জাতীয়তাবাদের মধ্যে এক ধরনের উগ্র জাতীয়তাবোধের পরিচয় মেলে। অথচ এ দেশে অসংখ্য ক্ষুদ্র নৃগোষ্ঠীর বসবাস। বাঙালি জাতীয়তাবাদের ফলে তাদের জাতিসত্তাকে উপেক্ষা করা হয়েছিল। বাঙালি জাতীয়তাবাদের বিপরীতে সব জাতিসত্তার অধিকার সমুন্নত রাখার লক্ষ্যেই বাংলাদেশ জাতীয়তাবাদের ঘোষণা দেওয়া হয়। স্বাধীনতা যুদ্ধে জিয়ার গৌরবোজ্জ্বল ভূমিকা দলটিকে দ্রুত জনপ্রিয়তা এনে দেয়। জিয়াউর রহমান রাষ্ট্রপতি থাকা অবস্থায় ১৯৭৯ সালে দ্বিতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। ওই নির্বাচনে বিএনপি ২৯৮টি আসনের মধ্যে ২০৭টিতে জয়লাভ করে। নির্বাচনে আব্দুল মালেক উকিলের নেতৃত্বাধীন আওয়ামী লীগ ৩৯টি ও মিজানুর রহমান চৌধুরী নেতৃত্বাধীন দলের অন্য অংশ সংসদে দুটি আসনে জয়ী হয়। যদিও জিয়ার সময় 'হ্যাঁ ভোট', 'না ভোট' রাজনীতিতে ব্যাপক বিতর্কের জন্ম দেয়। ক্ষমতা গ্রহণের মাত্র দুই বছরের মাথায় ১৯৮১ সালের ৩০ মে জিয়াউর রহমান চট্টগ্রামের সার্কিট হাউসে সেনাবাহিনীর কতিপয় সদস্যদের হাতে নিহত হন। জিয়া নিহত হলে উপরাষ্ট্রপতি বিচারপতি আব্দুস সাত্তার রাষ্ট্রপতি হন। পরে ১৯৮২ সালের মার্চ মাসে সাত্তারকে সরিয়ে ক্ষমতা দখল করেন জিয়ার নিয়োগকৃত সেনাপ্রধান জেনারেল এইচ এম এরশাদ। এর ফলে বিএনপি প্রথমবারের মতো বিপর্যয়ের মধ্যে পড়ে। দলের সর্বস্তরের নেতাকর্মীদের আহ্বানে খালেদা জিয়া ১৯৮৩ সালের ৩ জানুয়ারি বিএনপিতে যোগ দেন। ১৯৮৩ সালের ১ এপ্রিল দলের বর্ধিত সভায় তিনি প্রথম বক্তৃতা করেন। বিচারপতি সাত্তার অসুস্থ হয়ে পড়লে খালেদা জিয়া দলের ভারপ্রাপ্ত চেয়ারপারসন হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। ১৯৮৪ সালের ১০ মে বিনা প্রতিদ্বন্দ্বিতায় খালেদা জিয়া বিএনপির চেয়ারপারসন নির্বাচিত হন। এরশাদবিরোধী আন্দোলনে খালেদা জিয়া অনন্য ভূমিকা পালন করেন। ১৯৮৭ সালে তিনি 'এরশাদ হটাও' এক দফা আন্দোলনের ঘোষণা করেন। এরশাদের শাসনের অবসান এবং গণতন্ত্রের প্রতিষ্ঠার লক্ষ্যে অনমনীয় ভূমিকার জন্য খালেদা জিয়াকে 'আপসহীন নেত্রী' হিসেবে অবহিত করা হয়। শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগও এরশাদবিরোধী আন্দোলনের রাজপথে ছিল। তবে এরশাদের অধীনে যারা নির্বাচনে যাবে তারা 'জাতীয় বেইমান' হিসেবে চিহ্নিত হবে, শেখ হাসিনা এ ঘোষণা দিলেও পরে ১৯৮৬ সালের সংসদ নির্বাচনে অংশ নেন। '৮৬-এর নির্বাচন কারচুপির নির্বাচন হিসেবে চিহ্নিত হয়। আন্দোলনের বিভিন্ন পর্যায়ে অতিক্রম করে তিন জোটের নেতৃত্বে তীব্র আন্দোলন গণঅভ্যুত্থানের রূপ নিলে ১৯৯০ সালের ৬ ডিসেম্বর এরশাদের পতন ঘটে। ১৯৯১ সালের ৭ ফেব্রুয়ারি অবাধ ও নিরপেক্ষ নির্বাচনে খালেদা জিয়ার নেতৃত্বাধীন বিএনপি জয়লাভ করে সরকার গঠন করে। প্রথম নারী প্রধানমন্ত্রী হয়ে খালেদা জিয়া দেশের রাজনীতিতে ইতিহাস সৃষ্টি করেন। বেগম জিয়া ১৯৯১ সাল থেকে তিনটি নির্বাচনে পাঁচটি করে আসনে প্রতিদ্বন্দ্বিতা করে বিপুল ভোটে প্রতিটি আসনেই জয়ী হয়ে আরেক ইতিহাস সৃষ্টি করেন।

বিএনপির ওই শাসন মেয়াদে মাগুরা উপনির্বাচন রাজনীতিতে তীব্র উত্তাপ ছড়ায়। আওয়ামী লীগ মাগুরা উপনির্বাচন ইস্যু করে তত্ত্বাবধায়ক সরকারের দাবিতে আন্দোলন গড়ে তোলে। জামায়াতে ইসলামীসহ প্রায় সব দল ওই আন্দোলনে অংশ নিলে বিএনপি তত্ত্বাবধায়ক সরকার বিল পাস করার লক্ষ্যে ১৯৯৬ সালের মধ্য ফেব্রুয়ারিতে সংসদ নির্বাচন আয়োজন করে। আওয়ামী লীগসহ আন্দোলনরত দলগুলোর বর্জনের মধ্য দিয়ে অনুষ্ঠিত ওই নির্বাচন রাজনীতিতে বিতর্কিত অধ্যায় হয়ে আছে।



এরপর ২৪ পৃষ্ঠায়

# বিশ্বজুড়ে ডানপন্থার উত্থান

জাহীদ রেজা নূর

যেকোনো ফ্যাসিবাদের জন্ম হয় 'আগে কী সুন্দর দিন কাটাইতাম' ধরনের ভাবনার পথ ধরে। 'আমরা' আর 'ওরা'-এভাবে বিভাজন তৈরি করে এগিয়ে যায় ফ্যাসিবাদ। একটি জনগোষ্ঠীকে 'ওরা' বানিয়ে দিয়ে তাদের বিরুদ্ধে সোচ্চার হওয়ার ঘটনা দেশে দেশে বারবার ঘটে এসেছে। অন্যকে কোনো স্থানই দেওয়া হয় না আলোচনায়। কোনো কোনো দেশে বিপুল জনপ্রিয়তা নিয়ে ক্ষমতায় আসে সরকার, কিন্তু কিছুদিন পরই বেরিয়ে আসে তার দন্ত-নখর। এরা সোজাসাপটা 'পপুলিস্ট' ঘরানার কথা বলে শুরুতে মানুষের মন জয় করে নেয়, তারপর নিজের অভিসন্ধি প্রকাশ করে থাকে।

প্রচলিত রাজনীতির প্রতি জনগণ আস্থা হারায় দুর্নীতি, স্বজনপ্রীতি, লুটপাটের কারণে। গণ-আন্দোলনের মাধ্যমে সরকার পরিবর্তন হলে জনগণ আশায় বুক বাঁধে। কিন্তু সে আশা যখন তিরোহিত হয়ে যায়, তখন স্বপ্ন দেখা মানুষও নিরাশ হয়ে যায়। বারবার স্বপ্ন দেখে মানুষ, বারবার হতোদ্যম হয়।

ব্রাজিলের সাবেক প্রেসিডেন্ট বোলসোনারোর প্রসঙ্গ এলে ব্রাজিলের চলমান রাজনীতির কথাও কিছুটা বলতে হয়। শাসকশ্রেণির দুর্নীতি ফাঁস হয়ে গেলে জনগণ হতাশ হয়ে পড়েছিল। ২০১৪ সালে এসে জনগণ প্রচলিত রাজনীতির প্রতি বীতশ্রদ্ধ হয়ে পড়ে। এ রকম পরিস্থিতিতে ডানপন্থীরা যখন বলতে থাকে 'শক্ত হাতের শাসন' দরকার, তখন সহজেই তা জনপ্রিয়তা পায়। 'শক্ত হাতের শাসন' পৃথিবী অনেকবার দেখেছে। হিটলার-মুসোলিনির শাসন ছিল একরকম, স্তালিনের শাসন ছিল আরেক রকম। কিন্তু সে শাসনের মধ্যে শোষণ কতটা ছিল, সেটা নিয়েও গবেষণা হয়েছে।

ব্রাজিলে তখন ভয়াবহ মন্দা। মন্দা মানেই বেকারত্ব, দারিদ্র্য বেড়ে গেছে। আর এ অবস্থায় বেড়েছে অপরাধ। ব্রাজিলবাসী তখন এমন এক শাসক চাইছিল, যিনি শক্ত হাতে সব ধরনের বিশৃঙ্খলা দমন করতে পারবেন। নিরাপত্তাহীনতায় নাভিশ্বাস উঠছিল ব্রাজিলবাসীর। মাদক কারবারি চক্র বহু কিছু নিয়ন্ত্রণ করতে পারত। আর গ্যাং বা দলের মাধ্যমে নিরাপত্তাহীনতা সৃষ্টি করা হচ্ছিল।

এ রকম এক অবস্থায় উগ্র ডানপন্থীরা বলিষ্ঠভাবে বলতে থাকে, 'অপরাধীদের গুলি করে মারো।' এ যেন নিজের হাতে আইন তুলে নেওয়া। এ রকম এক রাজনৈতিক পটভূমিতে সাবেক সেনা কর্মকর্তা জইর বোলসোনারো চলে আসেন আলোচনার কেন্দ্রে। ২০১৮ সালে তিনি ব্রাজিলের প্রেসিডেন্ট নির্বাচিত হন। জনগণ ভেবে নেয়, তারা কঠোর এক প্রেসিডেন্ট পেয়েছে। কিন্তু আসলে তারা কী পেয়েছিল? তারা দেখল, বোলসোনারোর আমলেই আমাজন জঙ্গল উজাড় হচ্ছে, অভিবাসী ও সংখ্যালঘুদের ব্যাপারে ব্যাপক ঘৃণা ছড়ানো হচ্ছে সরকারের পক্ষ থেকেই। বাজারকে মুক্ত করে দেওয়ায় ধনিক শ্রেণি নতুন প্রেসিডেন্টের প্রশংসায় পঞ্চমুখ হয়েছে। কিন্তু দেশের মধ্যবিত্ত আর নিম্নবিত্ত মানুষের নিরাপত্তাহীনতা আর যায় না। অথচ অপরাধ দমন আর দুর্নীতির বিরুদ্ধে অবস্থান নেবেন বলেই বোলসোনারোকে ভোট দিয়েছিল এই দুই শ্রেণি! উগ্র ডানপন্থীরা যা করে থাকেন, এই প্রেসিডেন্টও সে কাজটি করেছেন। বিচার বিভাগ, গণমাধ্যমের ওপর আক্রমণ চালিয়েছেন। জনগণ অতিষ্ঠ হয়ে উঠেছিল। ২০২২ সালের নির্বাচনে এই উগ্র ডানপন্থী প্রেসিডেন্টকে পরাজিত করে লুলা দা সিলভা ক্ষমতায় আসেন। কিন্তু বোলসোনারোর মাধ্যমে যে উগ্র ডানপন্থার চাষবাস চলেছিল, তার সমর্থকও কম নয়। তাই ব্রাজিলে রাজনৈতিক সুস্থিতি আসা সহজ কথা নয়। কবে আসবে, তা কেউ বলতে পারে না।



যুক্তরাষ্ট্রে ডোনাল্ড ট্রাম্প 'আমেরিকা ফার্স্ট' বলে বিশ্বের অন্য দেশ থেকে নিজের দেশকে আলাদা করতে চেয়েছেন। ২০১৬ সালে প্রথম যখন প্রেসিডেন্ট নির্বাচিত হন, তখন থেকেই তিনি জাতির মধ্যে বিভাজন তৈরি করেছেন। যুক্তরাষ্ট্রে জাতীয়তাবাদের কথা বলে মূলত শ্বেতাঙ্গ ধনী মানুষের জন্য আলাদা সুযোগ-সুবিধার ব্যবস্থা করেছেন। অভিবাসন-বিরোধিতা করে তিনি শ্বেতাঙ্গ আমেরিকানদের মন জয় করে নিয়েছেন। নিজেরাই যুক্তরাষ্ট্রে অভিবাসী, এ কথা এই শ্বেতাঙ্গরা বেমালুম ভুলে যান। আফ্রিকা, লাতিন আমেরিকা এবং এশিয়া থেকে যুক্তরাষ্ট্রে যাঁরা অবৈধভাবে অভিবাসী হয়েছেন, তাঁদের বিরুদ্ধে ডোনাল্ড ট্রাম্প সোচ্চার।

রিপাবলিকান দলের একটা বড় অংশে উগ্র জাতীয়তাবাদ জায়গা করে নিয়েছে। ডেমোক্র্যাটদের মধ্যেও সেটা বাড়ছে। অভিবাসীদের কারণে 'আমরাই চাকরি পাচ্ছি না, এ রকম একটা মনোভাব সত্যিই ব্যাপকভাবে বাড়ছে। এ কথা সত্য, যুক্তরাষ্ট্রের বিভিন্ন রাজ্যে ঘণ্টায় সর্বনিম্ন বেতন বেঁধে দেওয়া আছে, কিন্তু অবৈধ অভিবাসীরা তার চেয়েও কম মূল্যে কাজ করে দিচ্ছেন বলে নিম্ন আয়ের বৈধ নাগরিকেরা কাজ হারাচ্ছেন। এটা একটা সমস্যা বটে। কিন্তু ভেবে দেখা হচ্ছে না, কী করে এর প্রতিকার করা সম্ভব। কেউ যদি কম টাকায় কাউকে দিয়ে কাজ করিয়ে নিতে পারে, তবে সে সুযোগ তো সে নেবেই। কিন্তু এই শ্রমিকের জন্যও সর্বনিম্ন বেতনের ব্যবস্থা করাটাই তো সংগত। অন্য কিছু নয়।

যেসব কারণে ডোনাল্ড ট্রাম্পকে

এরপর ২৭ পৃষ্ঠায়




> এ ব্যাপারটি নিয়ে তরুণ সমাজকেই ভাবতে হবে। দেশ কোন পথে চলবে, তা নির্ধারণ করবে তরুণেরাই। মুক্তিযুদ্ধে যাঁরা নেতৃত্ব দিয়েছিলেন, তাঁদের বেশির ভাগের বয়স তখন ছিল চল্লিশের ঘরে, যাঁরা সশস্ত্র সংগ্রাম করেছেন, তাঁদের অনেকেই ছিলেন তরুণ-যুবা। সেই তরুণেরা একটা স্বপ্ন দেখেছিলেন। একটা দেশ চেয়েছিলেন। ২০২৪ সালেও যাঁরা আন্দোলনে অংশ নিয়েছিলেন, তাঁদেরও চোখে ছিল স্বপ্ন। সেই স্বপ্ন পূরণ হওয়ার পথে মুক্তিযুদ্ধের বিরোধিতা ও উগ্র ডানপন্থা যে বিরাট অন্তরায়, সেটা বলতেই হবে। রাজনীতির মাঠে অনেক কথাই বলা যায়, কিন্তু দেশ চালাতে হলে সবার প্রতি সমান ভালোবাসা নিয়েই চলতে হয়, এ কথা ভুলে গেলে উগ্র ডানপন্থা জাতির গলা টিপে ধরতে আসে

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES · Biman BANGLADESH AIRLINES · AmericanAirlines · ETIHAD AIRWAYS · QATAR AIRWAYS · Emirates · KUWAIT AIRWAYS



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান — ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন — ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু — ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ — ট্রাভেল কনসালটেন্ট
মাহির — ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর — ট্রাভেল কনসালটেন্ট
নিলয় — ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372


**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208


মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD
& NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
হোম কেয়ার
CDPAP
PCA
HHA.RN
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com


RE-ELECT
ERIC
FOR NEW YORK CITY MAYOR
Join Eric in his vision for a safer, stronger, and more equitable city for all New Yorkers. With decades of experience in government and a proven track record of results, Eric has the leadership skills needed to guide our city through its most pressing challenges and build a better future for all communities.
VOTE FOR
ERIC ADAMS
AND RE-ELECT HIM
ORGANISED BY:
CAMPAIGN TEAM
Design & Print by: ihopeprint.com, 929-538-7903


পূনরায় নির্বাচিত করুন
এরিক
এডামস -কে
নিউইয়র্ক সিটি মেয়র পদে
"একটি নিরাপদ, শক্তিশালী ও ন্যায়সঙ্গত শহরের স্বপ্নে এরিকের সঙ্গে যোগ দিন। সরকারের দীর্ঘ অভিজ্ঞতা ও প্রমাণিত সাফল্যের মাধ্যমে এরিকের রয়েছে সেই নেতৃত্বের দক্ষতা, যা আমাদের শহরকে সবচেয়ে কঠিন চ্যালেঞ্জগুলো থেকে এগিয়ে নিয়ে যাবে এবং সব সম্প্রদায়ের জন্য একটি উন্নত ভবিষ্যৎ গড়ে তুলবে।"
এরিক এডামস
কে ভোট দিন
এবং পূনরায় নির্বাচিত করুন
আয়োজনেঃ
নির্বাচন পরিচালনা কমিটি
Design & Print by: ihopeprint.com, 929-538-7903

# ইতিহাস গড়লো নায়াগ্রা ফোবানা কনভেনশন


























# ইতিহাস গড়লো নায়াগ্রা ফোবানা কনভেনশন


















# Ranking the Democratic contenders for president in 2028

Ajkal Desk



*Ranking the Democratic contenders for president in 2028*

Democrats are still licking their wounds from then-Vice President Kamala Harris's defeat last November — and grappling with the implications of President Trump's second term. For the moment, they are essentially a leaderless party. But that will change in due course. The 2028 presidential field looks wide open from this distance. But some prominent Democrats have already been making moves that seem plainly geared toward the next presidential cycle.

**1. California Gov. Gavin Newsom**

The California governor, never a shrinking violet, has ramped up his criticisms of Trump in recent weeks — to his apparent benefit. Gavin Newsom has taken to trolling Trump on social media, often with postings that ape the president's idiosyncratic and hyperbolic language. In recent days, he has launched a line of merchandise in Trump's signature red bearing slogans like "Newsom was right about everything" and declaring in all caps "Many people are saying this is the greatest merchandise ever made."

Yet it's not all fun and games. In a public conversation at a Politico forum late last week, he suggested Trump would run for an unconstitutional third term and called the president "simply the most destructive and damaging individual in my lifetime."

The no-holds-barred approach appears to be paying off for Newsom. In a new national poll of Democratic primary voters from Emerson College, Newsom was well ahead of his two main rivals, Harris and former Transportation Secretary Pete Buttigieg. Notably he had been third, behind both of them, when the same organization had conducted a poll in June. There are, of course, Newsom skeptics. They question the electability of such a stereotypically Californian candidate in the battleground states of the Rust Belt and Southwest. But for now, Newsom has catapulted himself to front-runner status.

**2. Rep. Alexandria Ocasio-Cortez (NY)**

If Democratic voters want to supplant their party establishment, make a generational change and shift to the left, Rep. Alexandria Ocasio-Cortez — "AOC" to fans and detractors alike — is the obvious choice. The New York congresswoman drives plenty of Republican voters to apoplexy, of course. But voters who are even somewhat sympathetic to her policies view her as a charismatic and politically courageous figure who can take the fight to the GOP rather than getting stuck on defense.

Still only 35, Ocasio-Cortez is easily the most prominent Democratic politician of her generation, with an enormous social media following. Her policies cast aside the center-leftism that has prevailed among most of the party's upper reaches in recent decades, instead seeking Medicare for All, the Green New Deal, the abolition of Immigration and Customs Enforcement (ICE) and a federal job guarantee. Is the platform too left-wing for battleground-state America — or the kind of agenda that can conjure up an excitement that has been lacking in Democratic politics since the Obama years? Conservative Americans would be energized to oppose her. But the big crowds she drew alongside Sen. Bernie Sanders (I-Vt.) at a series of rallies earlier this year demonstrate her appeal to progressives.

**3. Former Vice President Kamala Harris**

Harris will soon embark on a book tour to publicize her "107 Days" campaign memoir. The book's title refers to the length of her campaign following then-President Biden's dramatic decision to abandon his quest for reelection last year. The book tour will also be a broad test of how much appeal Harris has among the Democratic base. Despite her prominence — vice president, 2020 presidential candidate and a senator from the nation's most populous state — Harris remains something of an enigma.

The 2020 bid launched with massive fanfare but ultimately proved underwhelming. Her performance during her 2024 sprint had striking highs, as when she was widely judged the winner of her sole debate with Trump; and awkward lows, like when she was asked on ABC's "The View" whether she would have done anything differently from Biden and averred that "not a thing comes to mind."

If she goes forward with another bid for the presidency, much will depend upon which of two lenses Democratic voters view her through: a candidate who did her best in extremely difficult conditions in 2024 and could do better second time around; or a politician who never quite lives up to her billing, and from whom the party ought to move on.

**4. Maryland Gov. Wes Moore**

Gov. Wes Moore recently found himself in a bizarre, Trump-related spotlight. The president claimed the Maryland governor had told him, at the Army-Navy football game late last year, that Trump was "the greatest president of my lifetime." Moore responded to that on social media with a simple "lol" and told a Maryland radio station Trump was recounting an "imaginary conversation." Video from the game broadcast by Fox News bore out Moore's version of events, with no words close to what Trump had claimed being exchanged.

Moore has adopted a kind of Newsom-lite approach recently, tangling with Trump on social media. At 46 years old, he would bring some of the generational change of Ocasio-Cortez without nearly so left-wing a policy agenda. Moore is not that well-known nationwide yet, however — which also means he hasn't really been tested at the highest level.

**5. Illinois Gov. JB Pritzker**

Gov. JB Pritzker is yet another Democratic governor who has locked horns with Trump — most recently over the president's musings that he might deploy the National Guard to Chicago or increase the number of ICE agents in the city.

Pritzker last week told The Associated Press that that it was "illegal, unconstitutional, frankly it's un-American" to send troops into a major American city in the absence of an emergency. In an earlier statement, Pritzker accused Trump of trying to "manufacture a crisis" and "abuse his power."

The combative Pritzker, a scion of the family that owns the Hyatt hotel chain, is vastly rich. Forbes estimates him to be the wealthiest political officeholder in America, with a net worth of $3.9 billion. That could be a double-edged sword. He doesn't have to worry about raising money from donors for a presidential campaign, but his wealth could make it harder for him to win over working-class Americans.

**6. Michigan Gov. Gretchen Whitmer**

Gov. Gretchen Whitmer has been seen as a rising Democratic star for some time. Of late, she has been less openly antagonistic toward Trump than some of her party colleagues. But that approach has had mixed results. She went viral in April for all the wrong reasons, using a folder to shield her face from photographers when she was in the Oval Office as Trump signed executive orders. Whitmer has tried to laugh that off, and her broader argument is that her chief obligation is to look after the interests of her Michigan electorate. Whitmer's success in winning two terms in a key battleground state recommends her to many Democratic insiders. An authentic and engaging personality helps her too. Whitmer could face a problem not of her own making, however. Would the party be reluctant to nominate a woman after doing so twice in the past three election cycles — and losing both times?

**7. Former Transportation Secretary Pete Buttigieg**

Pete Buttigieg is one of the best media performers in the party. He also has a strong appeal to the highly educated and affluent voters who are increasingly well-represented among the Democratic base. Buttigieg was one of the surprises of the 2020 cycle, performing better in the primaries than many people had predicted. But the highest elected office he has held is as mayor of South Bend, Ind. And in 2020, Buttigieg performed abysmally with Black voters, also a key part of the base.

**8. Pennsylvania Gov. Josh Shapiro**

One of the big "what ifs" of the 2024 Harris campaign revolves around Shapiro. Would he — the popular governor of a crucial battleground — have been a better choice as vice presidential nominee than her eventual running mate, Minnesota Gov. Tim Walz?

Shapiro is a polished and ambitious performer. He could, however, fall victim to the party's deep schism over Israel and its conduct in Gaza if that conflict remains salient for primary voters in the 2028 cycle. Shapiro, who is Jewish, is one of the most pro-Israel voices in a party whose voters have shifted markedly toward the Palestinian cause. An Economist/YouGov poll last week asked Americans which side they sympathize with more in the conflict. Just 15 percent of Democrats named Israel while 44 percent aligned with the Palestinians. Shapiro, who had at one stage drew a clumsy comparison between pro-Palestinian protesters and the Ku Klux Klan, is not well-placed to navigate those crosscurrents.

**9. Sen. Chris Murphy (Conn.)**

The Connecticut senator could, at least in theory, offer a "best of all worlds" approach to Democratic voters. Sen. Chris Murphy has been emphatic in his criticisms of Trump, whom he sees as a danger to democracy, and has made effective use of social media. But he's also a broadly conventional senator who isn't easy to characterize as outside the American mainstream.

The challenge for Murphy would be how to outshine some of the bigger names on this list.

**10. Kentucky Gov. Andy Beshear**

Gov. Andy Beshear has enjoyed remarkable success for a Democrat in a deep-red state. He won reelection to a second term by 5 points in 2023. That's noteworthy, to say the least, given Trump's 26-point victory in the state in 2020 and his 31-point romp in 2024. Beshear has built that electoral record in part by focusing on comparatively nonpartisan topics like infrastructure investment. But he has held the liberal line on at least one hot-button topic: in March, he vetoed a Republican bill that would have almost completely banned abortion in his state.

Could Beshear be a 2028 dark horse? Maybe. But it's just as likely that primary voters want a more fiery and progressive standard-bearer. *(Source-Yahoo News)*

# There's no stopping Sadia Ayman

Anik Raj



"I am fortunate that in the initial years of my career, I got the opportunity to work with such great filmmakers," recalls Sadia Ayman from one of her old interviews with The Daily Star. Her aim for the stars led her to a place where she is now making her mark in the glittering world of showbiz. Both critically and publicly acclaimed projects have built a ladder for her to climb higher since the early years of her career. What's the magic behind her success? Sadia spills the beans, alongside her plans for the future. "It can be called magic," she smiles, "but more than that, I believe it's my instincts that always guide me. For instance, I make sure to choose roles I feel confident about and that match my calibre—otherwise, I humbly decline them." She made her silver screen debut with Gias Uddin Selim's "Kajol Rekha", which earned both national and international acclaim and was even included in the curriculum for master's students in the Department of History at Dhaka University. "Would you not call it an achievement any artiste would dream of?" she exclaims. She is primarily remembered by the audience for her role in Shihab Shaheen's "Mayashalik", Mizanur Rahman Aryan's "Full Hata Shirt", and Amitabh Reza Chowdhury's "Bohemian Ghora", among her other roles. Her portrayal of young Jasmine, whose older version was portrayed by Afsana Mimi in Tanim Noor's "Utshob"—a film that became the biggest attraction during this Eid-ul-Azha — continued to run for a long time, and is now making waves overseas. "The feeling is surreal. Being part of a project with some of the greatest artistes of our time—especially those whose work has inspired me since childhood—still feels like a dream. My constant effort is to embody my characters fully and present them to the audience in the most believable way possible. I was truly overwhelmed when my seniors, including the likes of Zahid Hasan, praised my work publicly. For that, I am deeply grateful." Reminiscing about the role of Jasmine, a much-loved character, Sadia shares how she prepared to portray someone from the 1990s. "I was born in the late 90s, so I can only remember my cousins from that era, and I tried to recall their personalities and the way they awed and inspired me. At the same time, I've often said that I like watching films and reading books to hone my acting skills. As an avid fan of the renowned writer and filmmaker Humayun Ahmed, his characters—both on the page and on screen—helped me shape the image of Jasmine." Sadia is grateful to the small screen audience, who have pampered her so much. "My appearances on the small screen earned me so much love that I don't know how to repay it! Even when I was away for a while, they eagerly awaited my return," she notes. "I promise to return soon with something truly special." (Source-Daily Star)

# Trump Hits the Golf Course as Son Eric Slams Death Rumors

**Ajkal Desk**

Donald Trump spent the Labor Day holiday on the golf course amid speculation about his health. The president was photographed departing the White House for his Trump National Golf Course in Sterling, Virginia, on Monday, Sept. 1. According to the White House press pool, he golfed for around five and a half hours before returning home. Trump wore a white baseball cap for the outing, along with a white golf shirt and black windbreaker.



The golf trip came a day after the president's second-eldest son, Eric, 41, slammed death rumors about his father on social media. "Trump Is Dead" and "Where Is Trump?" trended on X on Friday, Aug. 29, following recent comments from Vice President J.D. Vance about Trump's health. Eric reposted one message that quoted the president as saying, "I've never felt better in my life," adding his own commentary: "The radical left is so sick and twisted…" In an interview with USA Today last week, Vance, 41, spoke about being prepared to step in if anything should happen to the president, which sparked concern. "Yes, terrible tragedies happen. But I feel very confident the President of the United States is in good shape, is going to serve out the remainder of his term and do great things for the American people," Vance told the outlet. "And if, God forbid, there's a terrible tragedy, I can't think of better on-the-job training than what I've gotten over the last 200 days," he added. Concerns about Trump's health were previously raised earlier in the week, when photos taken of the politician showed a bruise on his hand. After seeing speculation from the public, and receiving questions from the media, White House press secretary Karoline Leavitt said the reason for the bruising was due to Trump "shaking hands all day, every day." White House physician Sean Barbarella shared a note in July, elaborating on the president's bruising, which he said was "consistent with minor soft tissue irritation from frequent handshaking and the use of aspirin, which is taken as part of a standard cardiovascular prevention regimen."

Trump was previously diagnosed that same month with chronic venous insufficiency, after he was seen with what appeared to be swollen ankles. Barbabella said in a note at the time that it was a "benign and common condition, particularly in individuals over the age of 70." The physician added that despite Trump's new diagnosis, he "remains in excellent health."

# Former Mayor Bill de Blasio endorses Mamdani for NYC mayor

**Shah Nawaz**

New York City's ex-Mayor Bill de Blasio on Tuesday endorsed state Assemblyman Zohran Mamdani in the hotly contested race to be the 111th mayor of America's biggest city. De Blasio officially swung his public support behind the Democratic socialist and mayoral nominee from Queens in a media blitz with an op-ed and television appearance.





He called Mamdani a "particularly perceptive, intelligent" and an "old soul" whose campaign is focused on "kitchen-table issues" affecting everyday New Yorkers, and the former mayor encouraged Democrats to follow Mamdani's lead in order to win elections. The relatively young state legislator, 33, won a stunning Democratic primary victory against former New York Gov. Andrew Cuomo and will be on the November ballot with incumbent Mayor Eric Adams -- running as in Independent -- and Republican nominee Curtis Silwa.

